# দিঘলিয়া উপজেলা পরিষদের মে/২০২২মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৫ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৫ মে ২০২২, সোমবার

সময় : দুপুর ১১: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত এপ্রিল ২০২২, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীরতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | এপ্রিল ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২২ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: এপ্রিল/২০২২ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৪২,১০৭/-<br>মোট ব্যয়-২,৯৮,২৪৩/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা মৎস্য ও প্রানিসম্পদ কমিটি | সভায় উপজেলা মৎস্য ও প্রানি সম্পদ অফিসার জানান যে, ২০ মে হতে ২৩ জুলাই/২২ পর্যন্ত সমূদ্রে মৎস্য আহরন বন্ধকালীন সময়ে দিঘলিয়া উপজেলার ০৯ জন সমুদ্রগামী জেলের মধ্যে পরিবার প্রতি ২ কিস্তিতে মোট ৮৬ কেজি হারে চাউল বিতরন করা হবে। সংখ্য কম বিধায় সংশ্লিষ্টা জেলেদের প্রতিনিধির অনুকূলে ডিও জারির মাধ্যমে উপজেলা পরিষদ হতে এই চাউল বিতরন করা হবে। তিনি বলেন সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিসারীজ প্রকল্পের আওতায় আগামী ০৯ জুন উপজেলা পরিষদ মিলনায়তনে Consutation Workshop on Environment and Social Safeguard Complianceat Commuity Level অনুষ্ঠিত হবে। তিনি বলেন বর্তমানে গবাদি পশু ও হাঁস-মুরগীর সংক্রামক রোগের প্রাদুর্ভাবের অনেক কমে গেছে। তবে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ বেশ আক্রান্ত হচ্ছে তাই এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রয়োগ | সভায় বিস্তারিত আলোচনান্তে সমুদ্রে মৎস্য আহরন বন্ধকালীন সময়ে দিঘলিয়া উপজেলার ০৯ জন সমুদ্রগামী জেলের প্রতিনিধির অনুকূলে চাউলের ডিও বিতরনসহ গবাদি পশু লাম্পি স্কিন ডিজিজ রোগের ভ্যাকসিন প্রয়োগ করা ও খামার গুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক | উপজেলা মৎস্য অফিসা, ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা ও খামার গুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। এ ব্যাপারে খামারী ও কৃষক প্রশিক্ষণ খুবই জরুরী। সরকারী বরাদ্দ না থাকায় কৃষক ও খামারীদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হচ্ছে না। তিনি আরোও বলেন, প্রাণিসম্পদ দপ্তরের প্রাচীরের ভিতরে কিছু মাটি ভরাটের প্রয়োজন। প্রায় বর্ষায় পানি জমে থাকায় সেখানে গবাদি পশু চিকিৎসায় বেশি সমস্যা হয়। | ব্যবহারের পরামর্শ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২ | উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরষ্কার প্রতিযোগিতা ২০২১ আয়োজন সংক্রান্তঃ বাংলাদেশ শিশু একাডেমী,খুলনা এর নির্দেশনা অনুযায়ী আগামী ১৮/৫/২০২২ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরষ্কার প্রতিযোগিতা ২০২১ সম্পাদন করতে হবে। তিনি বলেন আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২২ আয়োজন সংক্রান্তঃ সরকারী কর্মপরিকল্পনা মোতাবেক আন্তঃ প্রাথমিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২২ বিদ্যালয় পর্যায়ে ১২-১৬মে,ইউনিয়ন পর্যায়ে ১৭-১৯ মে এবং উপজেলা পর্যায়ে ০৪-০৭ জুনের মধ্যে সমপন্ন করার নির্দেশনা আছে। তিনি বলেন বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ আয়োজন সংক্রান্তঃ সরকারী কর্মপরিকল্পনা মোতাবেক বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ ইউনিয়ন পর্যায়ে ০৪-১৬জুন এবং উপজেলা পর্যায়ে ১৮-২৩জুনের মধ্যে সমপন্ন করার নির্দেশনা আছে। প্রতিবছর খেলার জন্য প্রয়োজনীয় বরাদ্দ থাকে কিন্তু চলতি বছর এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ১৬ এবং ১৭ মে ২০২২ তারিখ প্রতিযোগিতা সম্পন্ন করা এবং আগামী ১২ থেকে ২০ মে বিদ্যালয় এবং ইউনিয়ন এবং ০৬জুন ২০২২ তারিখ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করাসহ জুন মাসের সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ আয়োজন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ৩ | উপজেলা কৃষি ও সেচ কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে রবি মৌসুমের বোরো ৩০৫ হেক্টর জমিতে বোরো ধানের বীজতলা অর্জিত হয়েছে, এবার বোরো ধানের লক্ষ্যমাত্রা অনুযায়ী রবি মৌসুমে ৪৯০০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদূর্ভাব ও প্রাকৃতিক দূর্যোগ না থাকায় বর্তমানে মাঠে ধানের অবস্থা খুব ভালো ও কৃষক আনন্দিত। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় **খরিপ-২** মৌসুমে ২৫০ হেক্টর জমিতে বিভিন্ন প্রকার সবজি আবাদ নির্ধারন করা হয়েছে।এ মৌসুমে ৩০০ হেক্টর সজীর আবাদ হবে বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া: ৪০ মেটন, টিএসপি: ১৫ মেঃটন, ডিএপি: ৫০ মেঃটন, এমওপি ০৪মেঃ টন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকদের মাঝে চুঁইঝালের চাষে ব্যাপক সাড়া পড়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিঘলিয়া, খুলনার সকল কর্মকর্তা কর্মচারীদের বিভাগীয় দায়িত্ব সঠিকভাবে পালন করাসহ উপজেলা **পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিল** হতে অর্থ বরাদ্দ সাপেক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিঘলিয়া বর্নিত কর্মকান্ডগুলি যথাযথ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ৪ | উপজেলা সমাজকল্যাণ কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতা ভোগী মৃত্যু বরন করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে মৃত ভাতাভোগীর পরিবর্তে নতুন ভাতাভোগীর তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) দিঘলিয়া, খুলনা। |
| ৫ | উপজেলা | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আয়তুননেছা বালিকা | সভায় বিস্তরিত | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ... ও ... শিক্ষা কমিটি | মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত কমিটি করার সুযোগ থাকলে ও কেন এডহক কমিটি করেছে সে বিষয়ে মাধমিক শিক্ষা অফিসার প্রতিষ্ঠান প্রধানকে কারণ দর্শানোর নোটিশ প্রদান কর র বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরো বলেন জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ এ জেলা পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে, শ্রেষ্ঠ মাধ্যমিং শিক্ষা অফিসার, শ্রেষ্ঠ প্রতিষ্টান, শ্রেষ্ঠ প্রতিষ্টান প্রধান, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, এবং কয়েকজন শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন। | আলোচনান্তে আয়তুননেছা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | বিবিধি আলোচনা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, অত্র কার্যালয়ের ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতের ১৪ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছিল এবং বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ৪২০ জন। লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্তমান মাস পর্যন্ত ৩০ জনের ১৪ টি ব্যাচের মোট=৪২০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শতভাগ সম্পন্ন করা হয়েছে। যুব ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা অনুযায়ী বছরে ৩৫,৮০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। চলতি মাসের ঋণ আদায় শত ভাগ অর্জন করা সম্ভব হয়নি তবে ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে ১৪ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাসহ বিধি বিধান মেনে ঋণ প্রদান ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পা দপ্তর | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, উপজেলা পরিষদ থেকে যে ভ্যকসিন উপজেলা হাসপাতালে সরবরাহ করা হয়েছে। তা প্রয়োজনের তুলনায় খুবই কম। তিনি এ বিষয়ে আগামীতে আরো বেশী ভ্যকসিন সরবরাহ করার প্রস্তাব করেন। তিনি আরো বলেন আগামী ৪জুন হতে ৭ জুন পর্যন্ত ভিটামিন এ ক্যাপসুল ৬ মাস বয়স হতে ৫ বছর বয়সী বাচ্ছাদের খাওয়ানো হবে। তিনি আরো বলেন বর্তমান সব জায়গায় ডায়রিয়ার প্রকোপ বেশী এ জন্য আমাদের সকলকে পঁচা বাসী খাবার পরিত্যাগ করতে হবে। তিনি আরো বলেন বর্তমান বর্ষার মৌসুমে এ সময় এডিস মসার বংশ বিস্তার বৃদ্ধি করে । এ জন্য আমাদের সকলের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। তিনি আরো বলেন এখন পর্যন্ত যে সমস্ত লোক টিকা গ্রহন করেননি তাদেরকে দুত টিকা গ্রহন করার জন্য তিনি অনুরোধ করেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে আগামী অর্থবছরে প্রয়োজনীয় ভ্যকসিন সরবরাহ করা হবে। এছাড়া সকলকে ভিটামিন এ ক্যাপসুলের বিষয় সকলকে সহযোগিতাসহ সকলকে বাসী পঁচা খাবার পরিত্যাগ করাসহ সকলের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, | সভায় উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের ম্যানেজার জানান যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্নপ্রসূত দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে প্রতিস্থিত বিশেষ প্রকল্প একটি বাড়ি একটি খামার বিলুপ্ত হওয়ার পর তাঁরই প্রতিস্থিত পল্লী সঞ্চয় ব্যাংক দারিদ্র্য বিমোচন ও গ্রামীন অর্থনীতিকে শক্তিশালী করতে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। এই অগ্রগতির ধারাবাহিকতায় পল্লী সঞ্চয় ব্যাংক দিঘলিয়া শাখা, উপজেলার দরিদ্র মানুষের আর্থিক স্বচ্ছলতা সৃষ্টি ও ভাগ্যের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। উপজেলা প্রশাসন, দিঘলিয়া সরাসরি তত্বাবধানে পরিরচালিত পল্লী সঞ্চয় ব্যাংক, দিঘলিয়া শাখার বর্তমান তথ্যচিত্র:মোট সমিতি:১৭৩ টি মোট সদস্য :৯২৩২ জন সদস্যরে মোট সঞ্চয় ৫২৫.৫৭ ৯(লক্ষ) মোট বিতরণ: ৪৩৬৬.২৭ (লক্ষ) মোট আদায় ৩৬৬৩.০৯ (লক্ষ) মোট খেলাপি: ৭০৩.১৮ (লক্ষ) জনাব হাবিবুর ররহমান সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, দিঘলিয়া শাখা উক্ত খেলাপী টাকা আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা চেয়ারম্যান মহোদয়, ও অফিসার ইনচার্জ এবং সকল ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যান মহোদয়ের কাছে সার্বিক সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্জ পরিচালনা এবং খেলাপী টাকা আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ দিঘলিয়া ও সকল ইউপি চেয়ারম্যানদের প্রয়োজনীয় সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের ব্যাবস্থাপক, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী টেন্ডারের ৫% অর্থের | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ও ইউডিএফ এর আওতায় টেন্ডারে মাধ্যমে প্রকল্পের কাজ প্রায় সমাপ্তির পর্যায়ে। তিনি বলেন যে সকল ঠিকাদার এখন পর্যন্ত এডিপি ও ইউডিএফ এর কাজ শুরু করেননি তার যদি যথা সময়ের মধ্যে কাজ বাস্তবায় করতে ব্যার্থ হলে । যেসকল ঠিকাদারের টেন্ডারের প্রক্রিয়ার পর কার্যদেশ পাওয়ার স্বত্তেও এখন পর্যন্ত কাজ শুরু করেননি তাদের টেন্ডার বাজেয়াপ্ত করে ঐ কাজের বিপরীতে আর এফ কিউ পদ্ধতি অনুসরন করে কাজগুলি বাস্তবায়ন করার বিষয় | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরের অনুমোদিত প্রকল্পগুলি কাজ যথা সময়ের মধ্যে সমাপ্ত করতে না পারলে তাদের টেন্ডার বাজেয়াপ্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | সাশ্রয়কৃত অর্থের প্রকল্প সংক্রান্ত। | বিস্তরিত আলোচনা করা হয়। বিগত এপ্রিল/২২ মাসের সভায় আলোচনান্তে টেন্ডারের ৫% সশ্রায়কৃত টাকার বিপরীতে দিঘলিয়া ইউনিয়নের ফাতেমা মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের প্রবেশ গেট নির্মাণের জন্য ৩,৭২,৩১৬/- (তিন লক্ষ বাহাত্তর হাজার নিত শত ষোল) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা অনুমোদন প্রয়োজন। | করে ঐ কাজের বিপরীতে আর এফ কিউ পদ্ধিতি অনুসরন কাজগুলি যথা সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য একমত পোষনসহ সাশ্রয়কৃত প্রকল্পটি অনুমোদন এবং আর এফ কিউ পদ্ধতি অনুসরন করে কাজটি দ্রুত বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | দি[illegible] খুলনা |
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, মুজিব বর্ষের আশ্রয়ন প্রকল্প নির্মানের জন্য দিঘলিয়া ইউনিয়নে সরকারী অর্থে ক্রয়কৃত দুইটি জমিতে বালু ভরাটের কাজ শীঘ্রই শুরু হবে। প্রকৃত ভূমিহীন ছাড়া কেউযাতে ঘরের বরাদ্দ না পায় সে বিষয়ে সতর্ক থকাতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদ যাচাই বাছায় করে প্রকৃত ভূমিহীনদের তালিকা প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান যোগীপোল ইউপি | সভায় চেয়ারম্যান যোগীপোল ইউপি জানান যে, ভৈরব নদীর অপারপ্রান্তে যে দুইটি ইউনিয়ন রয়েছে তারা বিভিন্ন দিক থেকে অবহেলিত। তিনি আরো বলেন প্রকৃত ভূমিহীনদের যে তালিকা চাওয়া হয়েছে তা ইউনিয়ন থেকে দিলেও ঐ পাড়ের লোক এ পারে আসবেনা। সে জন্য তিনি ভৈরব নদীর ঐ পারে সরকারী ভাবে জায়গা ক্রয় করে আশ্রয়ন প্রকল্প নির্মাণ করার প্রস্তাব করেন। তিনি আরো বলেন তার ইউনিয়নের যে প্রাথমিক বিদ্যালয় রয়েছে সে গুলোতে কোন পরিচ্ছন্নতা কর্মী না থাকায় নানাবিধ সমস্যা হয়। তিনি আরো বলেন প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস রুমে কোন ফ্যান না থাকায় ছোট ছোট কমলমতি ছেলেমেয়েদের ক্লাস করতে অনেক অসুবিধা সৃষ্টি হয়। তিনি বলেন তার ইউনিয়নের ফুলবাড়ীগেট অংশের যে বাজার রয়েছে তার খাজনা আদায়ের ব্যপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পরিষদের সিদ্ধান্ত ক্রমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে আড়ংঘাটা অথবা যোগীপোল ইউনিয়নের যে কোন সুবিধাজনক স্থানে সরকারী ভাবে জায়গা ক্রয় করে আশ্রয়ন প্রকল্প নির্মাণ ও প্রাথমিক বিদ্যালয়ের পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের বিষয়ে জেলা শিক্ষা অফিসারের সাথে আলোচনা করাসহ ফুলবাড়ীগেট অংশের যে বাজার রয়েছে তার বিষয়ে পরিষদ থেকে পত্র জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ৫ | চেয়ারম্যান বারাকপুর ইউপি | সভায় চেয়ারম্যান বারাকপুর ইউপি জানান যে, তিনি বলেন উপজেলার এডিপি ও ইউডিএফ এর ৫% লেছ মানির বিপরীতে আড়ুয়া খেয়াঘাটে কোন মসজিদ না থাকায় সেখানে একটি মসজিদ নির্মান করার প্রস্তাব দেন। এছাড়া তিনি কামারগাতী ০৮ নং ওয়ার্ডে একটি রাস্তা নির্মাণ করা প্রস্তাব দেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপিও ও ইউডিএফ এর ৫% লেছ মানির টাকার প্রকল্প গ্রহণ করা হয়ে গেছে। যার জন্য মসজিদের নির্মানের ও রাস্তা নির্মানের জন্য ১% এর মাধ্যমে অথবা পরবর্তী বছর বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ৬ | চেয়ারম্যান গাজীরহাট ইউপি | সভায় চেয়ারম্যান গাজীরহাট ইউপি জানান যে, তার ইউনিয়নের মাঝির গাতী হতে সোনাকুড় পর্যন্ত সড়কের পাশ্বে যে অতিরিক্ত গাছ কর্তন করা হয়েছে সে বিষয়ে সরকারী বিধি মাফিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি প্রস্তাব করেন। এছাড়া গাজীরহাট বাজারের রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য হাট বাজার | সভায় বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত গাছ কর্তনের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | বা অন্য খাত থেকে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং গাজীরহাট বাজারের রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য উপজেলা হাট বাজার রক্ষনা বেক্ষন খাত হতে নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| গাজীরহাট ইউনিয়নের মাঝিরগাতী হতে সোনাকুড় সড়কের পাশ্বে মরা,শুকনা, ঝুঁকিপূর্ণ,শিশু গাছ সমূহ নিলামে বিক্রয় ও টেন্ডারের অতিরিক্ত গাছ কর্তন সংক্রান্ত | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গাজীরহাট ইউনিয়নের মাঝিরগাতি হতে সোনাকুড় সড়কের পাশে মরা, শুকনা ও ঝুঁকি পূর্ণ শিশু গাছ জনগনের দাবীর প্রেক্ষিতে ও জনস্বার্থে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ১৫/০৮/২০০৭ খ্রি: তারিখের ৩৮৪ নং স্মারকের প্রেরিত পত্রের আলোকে নির্ধারিত নিলাম কমিটির সদস্য জনাব সৈয়দ আবুল হোসেন, উপজেলা বন কর্মকর্তা, দিঘলিয়া এস,এফ, পিসি দিঘলিয়া, খুলনা কর্তৃক মরা, শুকনা, ঝঁকিপূর্ণ মোট ৩৩৭(তিন শত সাইত্রিশ) টি শিশু গাছের পরিমাপ গ্রহণ করে বাজার দর অনুয়ায়ী সম্ভাব্য মূল্য =২,৪১,৯৫৫/৫০ (দুই লক্ষ একচল্লিশ হাজার নয় শত পঞ্চান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকার প্রাক্কলন তার দপ্তরের স্মারক নং ৫৪ তারিখ-১৪/১০/২০২১ খ্রি: পত্রের মাধ্যমে প্রেরণ করেন। অত:পর উপজেলা পরিষদের ২৭/১০/২০২১ তারিখের সাধারন সভার অনুমোদন ক্রমে উক্ত গাছগুলি নিলামে বিক্রয়ের অনুমোদনের জন্য জেলা প্রশাসক খুলনা মহোদয়ের বরাবর স্মারক নং-১০৩৪ তারিখ-০৬/১২/২০২১ খ্রি: তারিখে প্রেরণ করা হয়। যা জেলা প্রশাসক খুলনা মহোদয় কর্তৃক অনুমোদিত হয় যার পত্রের স্মারক নং ৯৪ তারিখ-২৪/০২/২০২২ খ্রি:। সে আলোকে উক্ত গাছগুলি প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য নিলাম বিজ্ঞপ্তি নং০১/২০২১-২০২২ এর স্মারক নং-২৫১/১ তারিখ-২০/০৩/২০২২ ইং এর মাধ্যমে জারি করা হয়। নিলাম বিজ্ঞপ্তির আলোকে আগ্রহী প্রতিষ্ঠান/ ব্যক্তিবর্গ ৩১/০৩/২০২২ খ্রি: তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে মিটিং থাকায় উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষে প্রকাশ্য নিলাম ডাকে মোট=৬৫ জন অংশগ্রহন করেন। প্রতিযোগীতা মূলক ডাকে এস, এম, হাবিবুর রহমান (তারেক), দেয়াড়া, দিঘলিয়া, খুলনা এর ডাক =২,৬৬,০০০/-(দুই লক্ষ ছেষট্রি হাজার) টাকা মাত্র সর্বোচ্চ বলে বিবেচিত হওয়ায় দরদাতাকে ডাকের সমুদয় অর্থ পরিশোধের জন্য স্মারক নং৩১৬ তারিখ-০৩/০৪/২০২২ খ্রি: পত্র প্রেরন করা হয়। তিনি পত্র প্রাপ্তি স্বাপেক্ষে ডাকের সমুদয় অর্থ ০৩/০৪/২০২২ খ্রি: তারিখে জমা প্রদান করেন। সরকারী সমূদয় অর্থ (সরকারী মূল্য= ২,৬৬,০০০/-টাকা ৭.৫% ভ্যাট বাবদ=১৯,৯৫০/- টাকা এবং৫% আয়কর বাবদ=১৩,৩০০/- টাকা সর্বমোট=২,৯৯,২৫০/-টাকা) জমা প্রদানের প্রেক্ষিতে দরদাতা এস, এম, হাবিবুর রহমান (তারেক) কে নিলাম ডাকে নির্ধারিত অর্থাৎ বন কর্মকর্তা কর্তৃক লাল কালিতে চিহ্নিত গাছসমূহ কর্তনের জন্য ০৪/০৪/২০২২ তারিখের ৩৩০ নং স্মারকে কার্যাদেশ প্রদান করা হয়। নিলাম গ্রহীতা কতৃক গাছ কর্তনকালীন সময় কার্যাদেশে নির্ধারিত গাছের চেয়েও অতিরিক্ত গাছ কর্তনের সংবাদ বিভিন্ন মাধ্যম থেকে পাওয়ায় ০৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। যার স্মারক নং-৪২৩ তারিখ-১২/০৫/২০২২ খ্রি:। ১। জনাব মোঃ আলীমুজ্জামান মিলন, সহকারী কমিশনার (ভূমি), দিঘলিয়া, খুলনা আহবায়ক। ২। জনাব মোঃআবু তারেক সাইফুল কামাল, উপজেলা প্রকৌশলী, (অ:দা:) দিঘলিয়া, খুলনা সদস্য। ৩। জনাব সৈয়দ আবুল হোসেন, বন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা সদস্য। তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত করে নিলামে ৩৩৭ টি গাছের পরিবর্তে ৪৬৫ টি গাছ কর্তনের চিহ্ন পায় যা নিলামের থেকে ১২৮ টি গাছ বেশি হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনটির আলোকে সরকারী পরিপত্র অনুযায়ী গাছগুলো উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন হওয়ায় এ | সভায় বিস্তারিত আলোচনান্তে টেন্ডারের বাইরে পরিষদের নিয়ন্ত্রণাধীন সরকারী গাছ কর্তন করায় নিলাম গ্রহীতা জনাব এস, এম, হাবিবুর রহমান (তারেক) দেয়াড়া, দিঘলিয়া, খুলনা এর বিরুদ্ধে উপজেলা পরিষদের পক্ষে সাঁটমুদ্রক্ষারিক-কাম কম্পিউটার অপারেটর কে বাদী করে মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার, সাঁটমুদ্রক্ষারিক -কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য স্মারক নং৪৩৭ তারিখ ২৪/০৫/২০২২ খ্রি: চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা বরাবর প্রেরণ করা হয়। উক্ত ২৪/০৫/২০২২ তারিখের উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা এর পত্র এবং তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে উপজেলা পরিষদ চেয়ারম্যান ২৫/০৫/২২ খ্রি: তারিখের মাসিক সভায় বিষয়টি উপস্থাপন করেন। এ বিষয়ে মাসিক সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দিঘলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ হায়দার আলী মোড়ল বলেন, নিলামের বাইরের গাছ কাটায় নিলাম গ্রহীতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা সমীচীন। চেয়ারম্যান বারাকপুর ইউনিয়ন পরিষদ বলেন বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত গাছ কাটায় সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হবে। তিনি আরো বলেন উপজেলা প্রকৌশলী বা বন কর্মকর্তা বাদী হয়ে মামলা করতে পারেন। আলোচনায় অংশ নিয়ে যোগীপোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃসাজ্জাদুর রহমান বলেন সরকারী কর্মকর্তারা অস্থায়ীভাবে কাজ করেন। আবার বদলী হয়ে চলে যান বিধায় পরিষদের স্থায়ী কর্মচারী কর্তৃক কার্যাদেশ গ্রহীতার বিরুদ্ধে মামলা দায়ের করা সমীচীন হবে। চেয়ারম্যান গাজীরহাট ইউনিয়ন পরিষদ জনাব মোঃ মফিজুল ইসলাম বলেন ইতোপূর্বে গাজীরহাটে অবৈধভাবে সরকারী গাছ কর্তন করা হয়েছে যার বিচার হয়নি। এসব অনিয়ম বন্ধের লক্ষ্যে তিনি সরকারি বিধিমাফিক আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আহবান জানান। জনাব এস এম ফরিদ আক্তার চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ উপস্থিত সকল চেয়ারম্যানদের অভিমতের সাথে একমত পোষন করে দ্রুত আইনানুগ ব্যবস্থা নেওয়ার আহবান জানান। মোঃ আলী রেজা ভাইস চেয়ারম্যান অতিরিক্ত ১২৮ টি গাছ কর্তনের জন্য সরকারী বিধি মোতাবেক সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইননুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আহবান জানান। উপজেলা প্রকৌশলী বলেন সরকারি পরিপত্র অনুযায়ী গাছের মালিক উপজেলা পরিষদ। সরকারি স্বার্থ রক্ষা করতে নিলাম কমিটি বা তদন্ত কমিটির সদস্যরা কাজ করেছেন। বন বিভাগ বা এলজিইডি বা জেলা প্রশাসক গাছের মালিক না হওয়ায় বন কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী বা তহশিলদার বাদী হতে পারে না। উপজেলা পরিষদের পক্ষে কেউ মামলা করা আইনসংগত। স্থানীয় সরকার বিভাগের পরিপত্র অনুযায়ী গাছের মালিকানা তথা টেন্ডার প্রক্রিয়া উপজেলা পরিষদের মাধ্যমে হওয়ায় উপজেলা পরিষদের পক্ষে সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর বাদী হয়ে মামলা দায়ের করা সমীচীন মর্মে অধিকাংশ সদস্য মত প্রকাশ করেন। এছাড়া অতিরিক্ত কর্তনকৃত গাছের ২ পিচ বড় ও ৪ পিচ ছোট সাইজের গুড়ি গাজীরহাটের মাঝিরগাতি পুলিশ ক্যাম্পের সামনে রাখা আছে এবং বারাকপুর ভূমি অফিসের সহকারী তহশীলদার মোঃ কামাল হোসেন কর্তৃক বারাকপুরের ০৪ নং ওয়ার্ডের মিস্ত্রি পাড়ার জনৈক মোজাফফরের বাড়ীর পাশ থেকে ২২ পিচ মালিক বিহীন শিশু গাছের গুড়ি উদ্ধার করে উপজেলা পরিষদে এনে রাখা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | . | |
| | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১৫ জুন থেকে শুরু হওয়া জনশুমারী কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিসহ সকলের সক্রিয় সহযোগীতা প্রয়োজন। এছাড়া দিঘলিয়ার তালিকাভূক্ত চাষীরা ফুলতলা খাদ্য গুদামে ধান ও চাল বিক্রি করতে পারবেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। দিঘলিয়ায় এ পর্যন্ত ১৩৫ টি গৃহহীন পরিবারকে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষথেকে ২ শতক জমিসহ ঘর বুঝিয়ে দেওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন দিঘলিয়া ও ব্রহ্মগাতি মৌজায় দুটি স্থানে সরকারী নীতিমালা অনুসরন করে ক্রয় কৃত জমিতে বালু ভরাটের কাজ চলমান রয়েছে। যেখানে পুকুর ও খেলার মাঠসহ ৬৫ টি নতুন ঘর নির্মান করা সম্ভব হবে। ইতোমধ্যে বরাদ্ধ পাওয়া গেছে। বালুর সঠিক কম্প্যাকশন হলেই কাজ শুরু করা হবে। ঘর নির্মানের এই মহতী কর্মে সহযোগীতার জন্য সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করে ভবিষ্যতে ও সহযোগীতা অব্যহত রাখার আহবান জানান। তিনি প্রত্যেক ইউনিয়নকে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন মুক্ত | সভায় বিস্তারিত আলোচনান্তে জনশুমারী সুষ্ঠুভাবে পর্যালোচনায় সকল জন প্রতিনিধি সহায়তা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। দিঘলিয়া উপজেলা ভূমিহীন গৃহহীন মুক্ত ঘোষনার লক্ষে সকল চেয়ারম্যান সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করে দ্রুত প্রকৃত ভূমিহীনদের চূড়ান্ত তালিকা প্রেরন করবেন মর্মে সিদ্ধান্ত | চেয়ারম্যান (সকল) ইউপি ও জন প্রতিনিধি বৃন্দ, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্মানের এই মহতী কর্মে সহযোগীতার জন্য সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করে ভবিষ্যতে ও সহযোগীতা অব্যহত রাখার আহবান জানান। তিনি প্রত্যেক ইউনিয়নকে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষনা করার লক্ষে এখনও যারা প্রকৃত ভূমিহীন আছেন তাদের তথ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক সঠিকভাবে তালিকা করে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উপজেলা আশ্রয়ন টাস্কফোর্স কমিটির কাছে জমা দেওয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনামতে এসব ভূমিহীনকে গৃহনির্মান করে দেওয়া সাপেক্ষে দিঘলিয়া উপজেলাকে ভূমিহীন গৃহহীন মুক্ত ঘোষনা করতে হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | করে দুত প্রকৃত ভূমিহীনদের চুড়ান্ত তালিকা প্রেরন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৯ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -১ শাখার ১৭/০৫/২০২২ খ্রি: তারিখের ২৮৫ নং স্মারক পত্রে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত, সীমানা প্রাচীর নির্মাণ, প্রবেশ গেট নির্মাণ, ও পকেট গেট নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। সরকারি বিধিবিধান অনুসরন করে জরুরী ভিত্তিতে কাজ গুলো সম্পাদন করতে হবে। এ আলোকে তিনি জানান উক্ত প্রকল্পগুলি চলতি অর্থবছরে টাকায় সংকলন না হওয়ায় একাধিক অর্থবছরে বাস্তবায়ন করার নির্দেশনা থাকায় এ অর্থবছরে ৩ টি প্রকল্প যথা ক্রমে ১। উপজেলা পরিষদ পকেট গেট নির্মাণ =৪,৮৪,৬২৪/- (চার লক্ষ চুরাশি হাজার ছয় শত চব্বিশ) টাকা। ২। উপজেলা পরিষেদের সীমানা প্রাচীর মেরামতের আওতায় আসন্ন বর্ষা মৌসুমে সম্ভব্য দূর্ঘটনা রোধে মাধ্যমিক শিক্ষা অফিসের পিছন থেকে শুরু করে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন অভিমুখের ওয়াল ও হলরুমের পার্শ্বের ওয়ালের জরাজীর্ণ অংশ মেরামত করতে =৫,৯৮,০০০/-টাকা এবং ৩। পরিষদের নিরাপত্তার স্বার্থে হলরুম ও জনস্বাস্থ্য অফিস সংলগ্ন নতুন সীমানা প্রাচীর নির্মাণে=৬,০০,০০০/- টাকা প্রয়োজন যা কোটেশন পদ্ধতিতে সম্পন্ন করা যায়। বাকী মেইন গেইট ও অন্যান্য কাজ পরবর্তী অর্থবছরে টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। ইহা ছাড়া চলতি বছরের এডিপি ও ইউডিএফ এর সকল কাজ যাতে যথাযথভাবে ও যথাসময়ে সম্পন্ন হয় সেদিকে দৃষ্টি রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বিগত দিনের অভিজ্ঞতায় দেখা যায় যে জুন মাসে অর্থবছরের শেষ মুহূর্তে কিছ বিশেষ বরাদ্দ আসতে পারে। তেমনটি হলে পিআইসি ও কোটেশন পদ্ধতিতে দুত কাজ সম্পন্ন করে পরবর্তী মাসের সাধারন সভায় অনুমোদন করিয়ে নেওয়া যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে হতে সময়ের স্বল্পতার ও জরুরী বিবেচনায় প্রস্তাবিত ৩ টি প্রকল্প আর এফ কিউ পদ্ধতিতে এবং অন্যান্য কাজগুলো পরবর্তী অর্থবছরে ওটিএম পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত এবং এডিপি ও ইউডিএফ চলমান কাজ সঠিক ভাবে সম্পন্ন করারসহ বিশেষ বরাদ্দ পাওয়া গেলে তার বিপরীতে দ্রুত কাজ সম্পন্নের জন্য পিআইসি ও কোটেশন পদ্ধতিতে বাস্ববায়ন এবং পরবর্তী মাসের সাধারণ সভায় অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকল, দিঘলিয়া, খুলনা। |

## এপ্রিল/ ২০২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষজ্ঞিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের এপ্রিল /২০২২ মাসেরসম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের এপ্রিল /২০২২ মাসেরসম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল /২০২২ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর এপ্রিল /২০২২ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৮। জনাব লিয়াকত আলীখান, মালী এর এপ্রিল /২০২২ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর এপ্রিল /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ ১২,২৭৫/- | ২,৯৮,৩৪১/- |

১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল /২০২২ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-
১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল /২০২২ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,৫০০/-
১২। উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি তেলের বিল = ৫০,৯৮৭/-
১৩। মেসার্স ইউনিক এন্টার প্রাইজ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় ও অন্যান্য অফিসারের অফিস কক্ষ টাইলস স্থাপনের কাজের জামানত বাবদ =১৪,০৫০/-
১৪। মহান স্বাধীনতা দিবস/২০২২ উপলক্ষ্যে বিভন্ন খরচের বিল বাবদ = ২৯,৯৮০/-
১৮। মোঃহাফিজুর রহমান অফিস সহায়ক উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের এপ্রিল/২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ= ৯,০৯৯/-

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫।০৫।২২

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৪৪১ তারিখ: ২৫.০৫.২০২২ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ..........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

২৫/০৫/২০২২

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২